# উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার হাজিরা সীট

**স্থান :** উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। **সময় :** ০২-০০ টা, **তারিখ :** ২৪-০৭-২০২৪ খ্রিঃ

| ক্র: নং | কর্মকর্তার নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ ইস্তা শাম উল হক | ভাইস চেয়ারম্যান | সভাপতি | |
| ২ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ১ নং ভোমরাদহ ইউ.পি. | সদস্য | |
| ৩ | বিবেকানন্দ রায় | চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. | সদস্য | |
| ৪ | সনাতন চন্দ্র রায় | চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. | সদস্য | |
| ৫ | লায়লা আরজুমান বেগম | উপজেলা কৃষি অফিসার | সদস্য সচিব | |

CamScanner

# উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ ঃ জনাব মোঃ ইত্তা শাম উল হক
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

সভার তারিখ ঃ ২৪/০৭/২০২৪ খ্রিঃ।

সময় ঃ ০২.০০ টায় ।

স্থান ঃ **উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও**

**আলোচ্যসুচি ঃ**

১. ২০২২-২০২৩ অর্থ বছরে খরিফ-২ মৌসুমে ফসল আবাদ পরিস্থিতি পর্যালোচনা।
২. ফসলের উৎপাদন বৃদ্ধি ও কৃষির উন্নয়নে উপ প্রকল্প গ্রহন।
৩. বিবিধ।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি কমিটির সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি ও উপজেলা কৃষি অফিসার, পীরগঞ্জকে আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য আহবান জানান। অতঃপর সদস্য সচিব বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয় ।অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি অফিসার, পীরগঞ্জ অত্র সভায় জানান যে, চলতি খরিফ-২ মৌসুমে ২৫১৭৫ হে. জমিতে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ১২৫০ হে. বীজতলা তৈরি করা হয়েছে। খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরনের জন্য উৎপাদনের বৃদ্ধি করতে হবে। ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন প্রযুক্তি গহেনের পাশাপাশি নিরাপদ ও পরিবেশবান্ধব কৌশল গ্রহনের গুরুত্ব অপরীসীম। পুষ্টি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরনে পরিবেশবান্ধব কৌশল ব্যবহারের গুরুত্ব আলোচনা করা হয়। | খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরনের জন্য ফসলের উৎপাদনর বৃদ্ধি ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, উপসহকারী কৃষি অফিসার ও কৃষি সংশ্লিষ্ট স্টেক হোল্ডার। |
| ০২ | উপজেলা কৃষি অফিসার, পীরগঞ্জ অত্র সভায় আরও জানান যে, নিরাপদ খাদ্য উৎপাদন ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতের জন্য উপপ্রকল্প গ্রহনের উদ্যেগ নিতে হবে। উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে কৃষি খাতে ১৫% সংস্থান রয়েছে। লাগসই উপপ্রকল্প গ্রহন করা হলে প্রান্তিক কৃষকরা এতে উপকৃত হবে। সভায় এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | নিরাপদ খাদ্য উৎপাদন ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতের জন্য উপপ্রকল্প প্রণয়ন ও প্রকল্প বাস্তবায়নে বরাদ্দ প্রাপ্তির জন্য উপজেলা পরিষদে দাখিল। | উপজেলা কৃষি অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইত্তা শাম উল হক)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ,পীরগঞ্জ,ঠাকুরগাঁও
ও
সভাপতি
উপজেলা কৃষি সেচ বিষয়ক কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
পীরগঞ্জ,ঠাকুরগাঁও।

স্মারকনং ১২.১৮.৯৪৮২.০৩৯.০৪৮.২৫.২৪-৫৮৯ তারিখ ঃ ২৪/০৭/২০২৪খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। উপজেলা নির্বাহী অফিসার,পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। চেয়ারম্যান ১ নং ভোমরাদহ ইউনিয়ন পীরগঞ্জ ঠাকুরগাঁও।

৪। চেয়ারম্যান ৫ নং সৈয়দপুর ইউনিয়ন পীরগঞ্জ ঠাকুরগাঁও।

৫। চেয়ারম্যান ৮ নং দৌলতপুর ইউনিয়ন পীরগঞ্জ ঠাকুরগাঁও।

৬। অফিস নথি।

24/07/24

(লায়লা আরজুমান বেগম)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
পীরগঞ্জ,ঠাকুরগাঁও।

CamScanner